

আকাশবাণী শিলচর

REGIONAL NEWS UNIT – SILCHAR

EVENING NEWS BULLETIN

BENGALI

29 SEPTEMBER 2026

7:45—7:55PM

১) জন ধন যোজনার অধীনে আসামে ২ কোটির বেশি ব্যাংক একাউন্ট খোলা হয়েছে বলে কেন্দ্রীয় মন্ত্রী রামদাস আঠাওয়ালের প্রকাশ।

২) শিলচর পৌরসভাকে পৌর নিগমে উন্নীত করার পর প্রথম নিগম গঠনের জন্য আয়োজিত ভোট গ্রহণের আর মাত্র দুদিন বাকি থাকা অবস্থায় শিলচরে সব রাজনৈতিক দল ও নির্দল প্রার্থীদের প্রচারণা তুঙ্গে।

৩) মুখ্যমন্ত্রী তথা বিজেপি নেতা ডক্টর হিমন্তবিশ্ব শর্মা নির্বাচনী প্রচারণা অংশ নিতে আগামীকাল শিলচরে / অসম গণ পরিষদ দলের সভাপতি তথা মন্ত্রী অতুল বরার আজ শিলচরে রাজ্যের মিত্রজোট প্রার্থীদের পক্ষে প্রচারণা অংশ গ্রহণ।

৪) হাইলাকন্দি জেলার দুর্গম কালাইনয়ন পাহাড়ে উদ্ধার হওয়া প্রায় দেড়হাজার বছর পুরনো প্রত্নতাত্ত্বিক ভগ্নাবশেষ নিয়ে অনুসন্ধান চালাতে রাজ্য সরকারের পরিকল্পনা। এবং

৫) ভারত ও ওয়াশিংটন ইন্ডিজের মধ্যে আগামীকাল গৌহাটির বর্ষাপারায় অনুষ্ঠিত তিন দিবসীয় ক্রিকেট সিরিজের দ্বিতীয় ম্যাচ।

কেন্দ্রীয় সরকারের জন-ধন যোজনার অধীনে আসামে দুই কোটিরও বেশি এবং সমগ্র দেশে ৫৯ কোটিরও বেশি ব্যাংক একাউন্ট খোলা হয়েছে। কেন্দ্রীয় সামাজিক ন্যায় এবং সবলীকরণ বিভাগের মন্ত্রী রামদাস আঠাওয়াল আজ গুয়াহাটির খানাপাড়ায় আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন। কেন্দ্রীয় সরকারের বিভিন্ন উন্নয়নমূলক পদক্ষেপ সম্পর্কে আলোকপাত করে মন্ত্রী বলেন যে- আসামে প্রায় এক কোটি ৩৪ লক্ষ মুদ্রা ঋণ প্রদান করা হয়েছে। যুবক-যুবতীদের শিক্ষা এবং অর্থনৈতিক

দিক থেকে সবল করার জন্যে কেন্দ্রীয় সরকার প্রতিশ্রুতিবদ্ধ বলে উল্লেখ করে তিনি বলেন যে- প্রতিবছর সামাজিক ন্যায় এবং সবলীকরণ মন্ত্রণালয় সমগ্র দেশে এক কোটিরও বেশি যোগ্য তপশিলী জাতি ও জনজাতির ছাত্রছাত্রীকে বৃত্তি প্রদান করে । মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার নেতৃত্বে আসাম সরকার জনকল্যাণের জন্যে গ্রহণ করা বিভিন্ন পদক্ষেপের প্রশংসা করেন । শ্রী আঠাওয়াল বিভিন্ন জেলায় বৃদ্ধাবাস স্থাপনের পরিকল্পনা সহ সরকারের গ্রহণ করা বেশকয়েকটি কল্যাণমূলক প্রকল্প সম্পর্কেও সাংবাদিকদের অবগত করেন ।

নেশামুক্ত ভারত সংকল্প অভিযানের অংশ হিসেবে রাজ্যপাল লক্ষণ প্রসাদ আচার্য আজ কার্বি-আংলং জেলার ডিফুতে সচেতনতামূলক পদযাত্রায় অংশ গ্রহণ করেন । তিনি ঐতিহ্যমণ্ডিত ডিফু ক্লাবে নেশামুক্ত ভারত সংকল্প অভিযানের অধীনে আয়োজিত কার্যসূচিতে অংশ নিয়ে বলেন যে বিকশিত ভারতকে পূর্ণাঙ্গ রূপ দেওয়া ছাড়াও রাজ্যের ১০টি জেলায় গত ১৭ সেপ্টেম্বর থেকে আগামী দোসরা অক্টোবর পর্যন্ত এই অভিযানের অধীনে পদযাত্রার আয়োজন করা হয়েছে । তিনি নেশামুক্ত সমাজ গড়ে তোলার জন্যে সবাইকে অংশিদার হওয়ার আহ্বান জানান । এই পদযাত্রায় আসাম বিধানসভার উপাধ্যক্ষ সহ কয়েকজন বিধায়ক এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তি উপস্থিত থাকবেন ।

শিলচর পৌরসভাকে পৌর নিগমে উন্নীত করার পর প্রথম নিগম গঠনের জন্য আয়োজিত ভোটগ্রহণের আর মাত্র দুদিন বাকি থাকা অবস্থায় শিলচরে সব রাজনৈতিক দল ও নির্দল প্রার্থীদের প্রচার তুঙ্গে উঠেছে । বিশেষ করে কেন্দ্র ও রাজ্য ক্ষমতাসীন বিজেপি, বিরোধী দল কংগ্রেস তাদের শীর্ষস্থানীয় নেতাদের শিলচরে এনে প্রচার অভিযান আরো জোরদার করছে । শিলচর পৌর নিগমের ৪২টি ওয়ার্ডের মধ্যে দুটো ওয়ার্ডের কাউন্সেলর বিনা প্রতিদ্বন্দিতায় নির্বাচিত হওয়ার পরিপ্রেক্ষিতে বর্তমানে ৪০টি ওয়ার্ডে ভোটগ্রহণের জন্য প্রচার অভিযান চলছে।

রাজ্যের মুখ্যমন্ত্রী তথা বিজেপির প্রথমসারির নেতা ডঃ হিমন্তবিশ্ব শর্মা নির্বাচনী প্রচারে অংশ নিতে আগামীকাল শিলচরে আসছেন । দলের আরেক নেতা রাজ্যের মন্ত্রী কৌশিক রাই আজ শিলচরে দলীয় কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে একথা জানিয়েছেন । আগামীকাল বিকেল চারটায় ডঃ শর্মা শিলচরের পুলিশ প্যারেড গ্রাউন্ডে নির্বাচনী জনসভায় অংশগ্রহণ করবেন । এই সভায় তিনি দলীয় প্রার্থীদের সমর্থনে নির্বাচনী প্রচার করবেন। একইসঙ্গে ডঃ শর্মা এই সভায় বিজেপি কর্মী সমর্থকদেরও সম্বোধন করবেন বলে মন্ত্রী শ্রী রাই জানিয়েছেন । বাইট-

এদিকে রাজ্যে দ্বিতীয় বার মুখ্যমন্ত্রী হিসেবে দায়িত্বভার গ্রহণের পর ডঃ শর্মার এই প্রথমবার শিলচর সফরকে কেন্দ্র করে প্রয়োজনীয় প্রস্তুতি নেওয়া হচ্ছে। তাঁর এই একদিনের সফরকালে মুখ্যমন্ত্রী শ্রীকোণায় নবনির্মিত ‘আসাম সচিবালয়-বরাক উপত্যকা’র কাজকর্ম পর্যালোচনা করবেন। এছাড়া তিনি বিভিন্ন বিভাগের পর্যালোচনা বৈঠকেও অংশ নেবেন। এছাড়া তাঁর এই সফরকালে ডঃ শর্মা জনসাধারণের সঙ্গেও মত বিনিময় করবেন।

এদিকে রাজ্যে বিজেপির মিত্রজোট অসম গণপরিষদের সভাপতি এবং রাজ্যের মন্ত্রী অতুল বরা আজ শিলচরে মিত্রজোটের প্রার্থীদের সমর্থনে শিলচরের চারটি ওয়ার্ডে প্রচার অভিযানে অংশ নিয়েছেন। তিনি পৌর নিগমের অন্তর্গত ৩১, ২৪, ২৫ ও ২৬ নম্বর ওয়ার্ডের অসম গণপরিষদ ও বিজেপি প্রার্থীদের হয়ে নির্বাচনী জনসভা করেছেন।

এছাড়া মন্ত্রী শ্রী বরা আজ শিলচরে বিজেপির কাছাড় জেলা সমিতির কার্যালয়ে গিয়ে মন্ত্রী কৌশিক রাই, শিলচর লোকসভার সাংসদ পরিমল শুক্লবৈদ্য, রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্থ সহ দলের জেলা সমিতির সভাপতি রূপম সাহা সহ অন্যান্য দলীয় কর্মকর্তাদের সঙ্গে মত বিনিময় করেছেন।

কাছাড় জেলার উদারবন্দের গোলাপ বরবরা রাজ্য পঞ্চায়েত এবং গ্রামোন্নয়ন প্রতিষ্ঠানের অধীনে থাকা জেলা পঞ্চায়েত সহায়তা কেন্দ্রটি আজ রাজ্যের পঞ্চায়েত ও গ্রাম উন্নয়ন বিভাগের মন্ত্রী অতুল বরা পরিদর্শন করেছেন। পরিদর্শনকালে মন্ত্রী শ্রীবরা গ্রাম পঞ্চায়েত প্রতিনিধি ও আধিকারীকদের সঙ্গে মত বিনিময় করে কেন্দ্রটিতে চলতে থাকা বিভিন্ন প্রশিক্ষণ কার্যসূচী সম্পর্কে অবগত হয়েছেন। এছাড়াও মন্ত্রী শ্রীবরা পঞ্চায়েত পর্যায়ের দক্ষতা এবং সার্বমুখ্য বৃদ্ধি করার বিষয়ে থাকা প্রত্যাহ্বান ও প্রয়োজনীয় বিষয়গুলি নিয়ে আলোচনা হয়েছে। এই পরিদর্শনকালে উদারবন্দ ও রংপুর খন্ড উন্নয়ন আধিকারীক, সহায়তা কেন্দ্রের ভারপ্রাপ্ত আধিকারীক এবং প্রবীন আধিকারীকরা উপস্থিত ছিলেন।

প্রথমবারের মতো অনুষ্ঠেয় শিলচর পৌর নিগমের নির্বাচনে বর্তমানের ৪০টি ওয়ার্ডের ভোটগ্রহণের জন্য নির্বাচনী আসরে ১৩৩ জন প্রার্থী রয়েছেন। এরমধ্যে রাজ্যে ক্ষমতাসীন বিজেপি ৩৬টি এবং তার মিত্রজোট অসম গণপরিষদ চারটি ওয়ার্ডে

প্রতিদ্বন্দিতা করছে। এছাড়া রাজ্যের বিরোধী কংগ্রেস দল ৪০টি ওয়ার্ডেই প্রতিদ্বন্দিতা করছে। এদিকে ৪০টি ওয়ার্ডের একটিতে ফোরাম ফর সোশ্যাল হারমনি এবং বাকিগুলিতে বেশকয়েকজন নির্দল প্রার্থী নির্বাচনী আসরে রয়েছেন। সব প্রার্থীরাই নিজ নিজ ওয়ার্ডে নিজেদের সমর্থনে ভোটারদের আকৃষ্ট করার জন্য প্রয়াস অব্যাহত রেখেছেন।

নগাঁও লোকসভা আসনের উপ-নির্বাচনের প্রচারাভিযান আরো জোরদার হয়ে ওঠেছে। বিজেপি এবং অসম গণপরিষদ দলের শীর্ষ নেতৃত্ব শাসক দলের মিত্রজোট প্রার্থীর পক্ষে প্রচার কার্য অব্যাহত রেখেছে। মুখ্যমন্ত্রী তথা বি জে পি নেতা ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ মরিগাও গান্ধী ময়দানে দলীয় প্রার্থী দেবশীষ শর্মার পক্ষে প্রচার সভায় অংশ গ্রহণ করেন। সভায় ডক্টর শর্মা বলেন যে সরকার কল্যাণমূলক প্রকল্পের মাধ্যমে রাজ্যের জনসাধারণের জীবন যাত্রার গুণগত মান বৃদ্ধির না না পদক্ষেপের কথা তুলে ধরেন। এর আগে মুখ্যমন্ত্রী নগাওয়ের একটি নির্বাচনী প্রচার সভায় অংশ গ্রহণ করেন। কংগ্রেস দলের নেতা কমীরাও দলীয় প্রার্থী শিবামনি বরার পক্ষে জোরদার প্রচার কার্যসূচিতে অংশ গ্রহণ করেন।

হাইলাকান্দি জেলার আসাম-মিজোরাম সীমান্তবর্তী দুর্গম কালাইনয়ন পাহাড়ে উদ্ধার হওয়া প্রায় দেড় হাজার বছর পুরোনো পাথরের মূর্তি এবং প্রত্নতাত্ত্বিক ভগ্নাবশেষ নিয়ে আসাম সরকার বিস্তৃত অনুসন্ধান চালানোর পরিকল্পনা গ্রহণ করেছে। এই ঐতিহাসিক স্থানটি অতি দুর্গম পাহাড়ি অঞ্চলে হওয়ায় স্থানটির যাতায়াত এবং পরিকাঠামো উন্নত করারও ব্যবস্থা নেওয়া হচ্ছে। এছাড়াও কালাইনয়ন পাহাড়কে ভবিষ্যতে সমৃদ্ধ ঐতিহ্য ও ইকোটুরিজমের এক গুরুত্বপূর্ণ কেন্দ্র হিসেবে গড়ে তোলার সম্ভাবনাও রয়েছে বলে আমাদের সংবাদদাতা জানিয়েছেন। জেলা আয়ুক্ত জয় বিকাশ ইতিমধ্যে সংশ্লিষ্ট আধিকারিকদের নিয়ে এই দুর্গম অঞ্চল পরিদর্শন করে অঞ্চলটির প্রত্নতাত্ত্বিক ভগ্নাবশেষ, সড়ক যোগাযোগ এবং অন্যান্য পরিকাঠামো পরিস্থিতির বিষয়ে অবগত হয়েছেন।

এ বিষয়ে হাইলাকান্দি জেলা বন আধিকারীক অখিল দত্ত আমাদের সংবাদদাতাকে জানিয়েছেন-----

হাইলাকান্দি জেলার খাদ্য, গ্রাহক পরিক্রমা ও গন বন্টন বিভাগের পক্ষ থেকে এক বিজ্ঞপ্তিতে জেলায় অক্টোবর মাসের জন্য রেহাই মূল্যের চিনি কিলো প্রতি ৩০

টাকা করে বিক্রি করার নির্দেশ দেওয়া হয়েছে । প্যাকেটের লেবেল নিয়ে বিভ্রান্তি এড়াতে নায্য মূল্যের দোকানের সামনে চিনির মূল্য প্রদর্শন করে রাখতে নির্দেশ দেওয়া হয়েছে ।

ভারত ও ওয়েস্ট ইন্ডিজের মধ্যে আগামীকাল গৌহাটির বর্ষাপারায় অনুষ্ঠেয় তিন দিবসীয় ক্রিকেট সিরিজের দ্বিতীয় ম্যাচের জন্য উভয় দল আজ অনুশীলনে অংশ গ্রহণ করে । দুটি দলই গতকাল সন্ধ্যায় গৌহাটি পৌছার পর বিমানবন্দরে অসংখ্য অনুরাগী আদার স্বাগত জানায় । আজ দুপুর দেড়টা থেকে বিকেল ৪টা পর্যন্ত ওয়েস্ট ইন্ডিজ দল খেলার অনুশীলন করার পর ভারতীয় দল ৫টা থেকে অনুশীলন শুরু করে , ভারতীয় ৮টা পর্যন্ত অনুশীলন করবে । তিরুওয়ান্তপুরমে অনুষ্ঠিত ৩টি ম্যাচের প্রথম খেলায় ভারত জয়ী হওয়ার পর আগামীকাল অনুষ্ঠেয় দ্বিতীয় ম্যাচে ভারত পুনরায় জয়লাভ করে এই সিরিজে জয়ী হওয়ার লক্ষ্য নিয়ে মাঠে নামবে , অন্যদিকে প্রতিদ্বন্দ্বি ওয়েস্ট ইন্ডিজ দলও বর্ষাপারার আগামীকালের ম্যাচে জয়ী হয়ে সিরিজে সমতা ফিরিয়ে আনার চেষ্টা করবে । আগামীকাল দুপুর ২টা থেকে অনুষ্ঠেয় বর্ষাপারার এই খেলা নিয়ে রাজ্যের ক্রিকেটপ্রেমীদের মধ্যে ব্যাপক উল্লেস পরিলক্ষিত হচ্ছে ।
